# ALL INDIA RADIO, SILCHAR

******************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 07-10-2023

## *Time: 19:45-19:55 Hrs*

---

(১) রাজ্য সরকারের ১ লক্ষ নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে শিক্ষা বিভাগে আজ ৩১৮ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান ।

(২) ইউনেস্কোর বিশেষজ্ঞ প্রতিনিধি দল আজ ঐতিহাসিক চরাইদেও মৈদাম ক্ষেত্রে উপস্থিত ।

(৩) অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের অধ্যক্ষতায় আজ নতুন দিল্লীতে ৫২ তম জি এস টি পরিষদের বৈঠক । এবং

(৪) কেন্দ্রীয় সরকারের সিকিমকে ২০২৩-২৪ বর্ষের বাজেটে এন ডি আর এফ ও এস ডি আর ফের জন্য বরাদ্দ অর্থ এতিমধ্যে মঞ্জুর ।

---

রাজ্য সরকারের ১ লক্ষ নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আজ রাজ্যের শিক্ষা বিভাগের বিভিন্ন সঞ্চালকালয়ের অধীনে ৩১৮ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হয় ।শিক্ষামন্ত্রী ড: রনোজ পেগু শিক্ষা শিক্ষা উপদেষ্টা ননী গোপাল মহন্ত সহ অন্যান্য শিক্ষা আধিকারিকদের উপস্থিতিতে গৌহাটীর মাছখোয়ার সাংস্কৃতিক প্রকল্পে প্রার্থীদের নিযুক্তি পত্র প্রদান করেন ।এই নব নিযূক্ত

প্রার্থীদের মধ্যে ২৪১ জন দিব্যাংগ প্রার্থী প্রাথমিক  শিক্ষা বিভাগে , ২৭ জন প্রার্থী উচ্চ শিক্ষা বিভাগে সহকারী অধ্যাপক ও অন্যান্য পদে নিযুক্তি লাভ করা সহ আরো ৫০ জন প্রার্থী রাজ্য , শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের বিভিন্ন পদে নিযুক্তি পত্র লাভ করে । অনুষ্ঠানে ভাষন দেবার সময় ড: পেগু নব নিযুক্ত প্রার্থীদের নিষ্ঠা ও সততার সংগে দায়িত্ব পালন করে দেশ জাতি ও মানব সমাজের প্রতি সেবা প্রদানের জন্য তাদের প্রতি আহ্বান জানান ।তিনি বলেন সরকার ১ লক্ষ নিযূক্তির লক্ষ্য পূরণের দিকে অগ্রসর হচ্চে । ড: হিমন্ত বিশ্ব শর্মা মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করার পর থেকে এপর্যন্ত শুধু শিক্ষা বিভাগে ৩০ হাজার ৫৩৫ জন শিক্ষক নিযুক্তি পেয়েছেন বলে মন্ত্রী জানান ।ভাষন প্রসংগে ড: পেগু শীঘ্র শিক্ষা বিভাগে পুনরায় ১৩ হাজার চাকরীর বিজ্ঞাপন প্রকাশ করা হবে বলে উল্লেখ করেন । ড: পেগু বলেন যে সরকার আগামী দুবছর টেট অনুষ্ঠিত না করার সিদ্ধান্ত গ্রহন করেছে ।সেজন্য নিম্ন ও উচ্চ প্রাথমিকের শিক্ষক পদে সি - টেট উত্তীর্ন প্রার্থীরা আবেদন করতে পারবে ।একইভাবে হাইস্কুল ও উচ্চতর মাধ্যমিক শিক্ষক পদের জন্য ও পৃথকভাবে টেট অনুষ্ঠিত হবেনা ।এর পরিবর্তে সরকার টেট তথা নিযুক্তি পরীক্ষা অনুষ্ঠিত করবে ।এর ফলে শূন্য থাকা পদের অনুপাতে প্রার্থী উত্তীর্ন হবে বলে মন্ত্রী উল্লেখ করেন ।অন্যদিকে শিক্ষা বিভাগের গ্রহণ করা বিভিন্ন সংস্কারমূলক পদক্ষেপ সম্পর্কে মন্ত্রী বলেন যে সমগ্র শিক্ষা ব্যবস্থাটিকে ডিজিটেল করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এর অংশ হিসেবে আরম্ভ করা শিক্ষাসেতু এ্যাপের মাধ্যমে বিদ্যালয়ের সামগ্রীক ব্যবস্থা , তথ্য ইত্যাদি নিরীক্ষণে থাকবে বলে তিনি মত পোষন করেন ।

---

ইউনেস্কোর বিশেষজ্ঞ প্রতিনিধি দল আজ ঐতিহাসিক চরাইদেও মৈদাম ক্ষেত্রে উপস্থিত হয়েছেন । ইউনেস্কোর উত্তর-পূর্ব এশিয়ার বিশেষজ্ঞ প্রতিনিধি সিংগাপুরের লিম সিং সিয়াঙ্গের নেতৃত্বে  আসা এই বিশেষজ্ঞ দলটি বিকেল ৪ টায় উপস্থিত হন । বিশেষজ্ঞ দলটি তিনদিন মৈদাম ক্ষেত্রে তথ্য ও অনুসন্ধানের ফলাফল সংগ্রহ সহ মৈদামের ঐতিহাসিক গুরুত্ব বিচার করে প্রতিবেদন দাখিল করবেন । এই প্রতিবেদনের ওপর নির্ভর করেই চরাইদেও

মৈদাম ক্ষেত্র ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যক্ষেত্র হিসেবে স্বীকৃতি পাবার বিষয়টি নির্ভর করবে ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৃষি বিজ্ঞানী প্রয়াত এম এস স্বামীনাথনের অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন । তিনি বলেন যে স্বামীনাথন তাঁর কাজের মাধ্যমে কৃষি ক্ষেত্রে ভারতকে স্ব-নির্ভর দেশ করে তোলা সহ সমৃদ্ধও করেছেন ।

প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে নরেন্দ্র মোদী ইন এ লিখেছেন যে দেশ একজন দূরদর্শী ব্যাক্তিত্বকে হারিয়েছে । যার অসামান্য অবদানের কথা সোনালী অক্ষরে লেখা থাকবে । তিনি আরো বলেন যে এই কৃষি বিজ্ঞানী গমের বর্ণসংস্করণ বীজের উদ্ভাবনের মাধ্যমে গমের উৎপাদন বৃদ্ধি করেছিলেন । তাঁর উল্লেখযোগ্য অবদানের জন্যই স্বামীনাথনকে ভারতের সবুজ বিপ্লবের পিতা বলে যথার্থভাবে অভিহিত করা হয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------

সামগ্রী ও সেবা কর অর্থাৎ জি এস টি পরিষদের ৫২ তম বৈঠক আজ অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণের পৌরহিত্যে অনুষ্ঠিত হয় ।বৈঠকে কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পংকজ চৌধুরী সহ রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের অর্থ মন্ত্রীরা সহ বেশ কয়েকজন প্রবীন আধিকারিক উপস্থিত ছিলেন । বৈঠকের পর সাংবাদিকদের কাছে অর্থমন্ত্রী বলেন যে এই বৈঠকে জি এস টি আপিল ন্যায়ধীকরণ , মিলেট ও গুর এ , জি এস টি আরোপ সহ বেশ কিছু গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । তিনি বলেন যে জি এস টি পরিষদ কুহিয়ার কৃষকদের উপকৃত করার জন্য গুরের উপর জি এস টি পূর্বের ২৮ শতাংশ থেকে ৫ শতাংশে হ্রাস করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।অন্যদিকে ৭০ শতাংশ মিলেট থাকা আটায় পেকেজিং এর আগে ক্রয় করলে কোনো ধরণের জিএস টি দিতে হবেনা বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।এছাড়া প্যাকেজিং ও লেবেল  লাগানোর পর ৫ শতাংশ জি এস টি আরোপ করা হবে বলে মন্ত্রী জানান ।এদিকে জি এস টি আপিল ন্যাধীকরণের সংশোধনীর বিষয়ে উল্লেখ

করে তিনি বলেন যে অধ্যক্ষের বয়সের উচ্চ সীমা ৭০ বছর ও সদস্যদের বয়সের সীমা ৬৭ বছরে বৃদ্ধি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার বন্যাবিধস্ত সিকিমে উদ্ধার ও সাহায্য বিতরণ কাজ রুপায়নে সহায়তার জন্য ২০২৩-২৪ সালের বাজেটে এন ডি আর এফ , এস ডি আর এফ এর জন্য আবন্টিত অর্থ ইতিমধ্যে মঞ্জুর করেছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় কুমার মিশ্র আজ রাজ্যের মুখ্য সচিব , বিভিন্ন বিভাগের আধিকারিক , সেনা বাহিনী , আই টি বি পি , এন এইচ পি সি সহ বিভিন্ন বিভাগ ও সংস্থার প্রতিনিদিদের সংগে এক বৈঠকে এ বিষয়ে জানান । এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সিকিমের মুখ্যমন্ত্রীর সংগে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করে থাকা সহ পরিস্থিতি নিরীক্ষণে রয়েছেন বলে মন্ত্রী জানান ।এদিকে কৃষি সড়ক পরিবহন , জলশক্তি , শক্তি ও অর্থ মন্ত্রনালয়ের প্রতিনিদিদের নিয়ে গঠিত সমিতি আগামীকাল সিকিম পরিদর্শনে যাবে ।

---------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার হাফলং এ অনুষ্ঠিত সাতদিনব্যাপী আসাম গ্রন্থমেলার আজ সমাপ্তি হয়েছে । আসাম প্রকাশন পরিষদ এবং সারা আসাম পুথিঁ প্রকাশক এবং বিক্রেতা সংস্থার যৌথ উদ্যোগে সাংস্কৃতিক প্রতিষ্ঠান প্রেক্ষাগৃহ প্রাঙ্গণে আয়োজিত আসাম গ্রন্থমেলা হাফলং এর সমাপ্তি অনুষ্ঠানে  মূখ্য অতিথি হিসেবে শক্তিমন্ত্রী নন্দিতা গারলোসা অংশগ্রহণ করেন । তিনি হাফলংয়ে গ্রন্থমেলা অনুষ্ঠিত করারা জন্য আসাম প্রকাশন পরিষদ ও সারা আসাম পুথিঁ প্রকাশক ও বিক্রেতা সংস্থাকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন যে গ্রোন্থোৎসবের মাধ্যমে ডিমা হাসাও এর জনসাধারণের কাছে বৌদ্ধিক-শৈক্ষিক শুভবার্তা প্রেরণ করে এক অধ্যয়নশীল সুস্থ পরিবেশ গড়ে তোলার জন্য প্রদক্ষেপ গ্রহণ করা হয়েছে । আমাদের চিন্তা ভাবনাকে প্রসারিত করতে হলে গ্রন্থের সহায়তা নিতেই হবে বলেও তিনি উল্লেখ করেন ।সমাপ্তি অনুষ্ঠানে আসাম প্রকাশন পরিষদের অধ্যক্ষ ,অভিধান প্রণেতা  সুমন্ত চালিহা , গৌহাটী

বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড.উত্তম বাথারী ,ডিমা হাসাও জেলা আয়ুক্ত সীমান্ত দাস প্রমূখ বিশিষ্ট অতিথি হিসেবে অংশগ্রহণ করে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------

সারা আসাম কর্মচারী পরিষদের আহ্বানে আজ রাজ্যের বিভিন্ন সংগঠন নতুন পেনশন প্রকল্প বাতিল করে পুরোনো পেনশন প্রকল্প বহালের দাবীতে অবস্থান ধর্মঘট পালন করেছে ।পরিষদের সভাপতি দ্বীপেন শর্মা ও সম্পাদক দিলীপ কলিতা এক বিবৃতিতে জানান যে পরিষদের অধীন সব কর্মচারী পরিষদ রাজ্যের বিভিন্ন জেলা ,উপ-জেলায় সকাল ১১ টা থেকে বিকেল দুটো পর্যন্ত এই অবস্থান কার্যসূচী পালন করে ।

সারা আসাম কর্মচারী পরিষদের আহ্বানে একদিবসীয় অবস্থান ধর্মঘট কার্যসূচীকে সমর্থন জানিয়েছে সারা আসাম কলেজ শিক্ষক সংস্থা । এরই অঙ্গ হিসেবে আজ শিলচর রাধামাধব কলেজ প্রাঙ্গণে কলেজ শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরাও তাঁদের ন্যায্য দাবী আদায়ে অবস্থান ধর্মঘটে সামিল হন । আসাম কলেজ শিক্ষক সংস্থার কাছাড় জোনের কেন্দ্রীয় কমিটির কার্যনির্বাহক সদস্য ড:অরুন্ধতী দত্ত চৌধুরী এবং রাধামাধব কলেজ ইউনিটের সম্পাদক ড:অরুনাভ ভট্টাচার্য্য জানান যে শিক্ষকদের ভবিষ্যতের কথা মাথায় রেখে আসামেও যাতে নতুন পেনশন নীতি প্রত্যাহার করে পুরোনো পেনশন ব্যাবস্থা পুনরায় চালু করা হয় তার জন্য আজকের আন্দোলনে দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------

করিমগঞ্জের মহিলা ও শিশুকল্যাণ বিভাগের উদ্যোগে আজ সকাল ১১ টায় করিমগঞ্জ জেলা গ্রন্থাগার ভবন প্রেক্ষাগৃহে বেটি বাঁচাও,বেটী পড়াও অভিযানের অধীনে এক আলোচনা অনুষ্ঠিত হয়েছে । করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে অনুষ্ঠিত আলোচনা সভায় আসাম রাজ্য পরিবহন নিগমের চেয়ারম্যান মিশন রঞ্জন দাস ,পুলিশ সুপার পার্থপ্রতীম দাস ,সহকারী আয়ুক্ত মিনার্ভা দেবী প্রমূখ বিশিষ্ট অতিথি হিসেবে এবং বিভিন্ন বিদ্যালয় থেকে আগত ছাত্র ছাত্রী ,শিক্ষক শিক্ষিকা অভিভাবকরা অংশগ্রহণ করেন । এই অনুষ্ঠানে জেলা আয়ুক্ত বেটি বাঁচাও,বেটী পড়াও অভিযানের অধীনে প্রদান করা

সিসিটিভি ক্যামেরা করিমগঞ্জের পুলিশ সুপারের হাতে আনুষ্ঠানিকভাবে তুলে দেন । অনুষ্ঠানের শুরুতে করিমগঞ্জের সহকারী আয়ুক্ত তথা ভারপ্রাপ্ত জেলা সমাজ কল্যাণ আধিকারিক রূপক মজুমদার স্বাগত বক্তব্য রাখেন । এরপর মহিলাদের সুরক্ষার ক্ষেত্রে রাজ্যসরকার গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়ে সভায় উপস্থিত বিশিষ্ট অতিথিরা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।এছাড়া উপস্থিত অতিথিদের নিয়ে বেটি বাঁচাও,বেটী পড়াও অভিযান সম্বলিত একটি ব্যানারে সিগনেচার ক্যাম্পেইনও অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানের শেষ পর্বে মেয়েদের শিক্ষণীয় বিষয় নিয়ে একটি চলচ্চিত্র প্রদর্শন করা হয় ।

---

অমৃত কলস যাত্রা নিয়ে এক সভা আগামীকাল সকাল ১১ টায় মনিয়ারখাল জিপি কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে ।

---